গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
লালমাই, কুমিল্লা।

www.lged.gov.bd

ভূমিকাঃ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে কারিগরী সহায়তা প্রদান, পল্লী ও শহরাঞ্চলে অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ সহ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

এলজিইডি লালমাই, কুমিল্লা এর প্রধান দায়িত্বাবলী ঃ

পল্লী অঞ্চলে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ * পল্লী অবকাঠামো রক্ষণাবেক্ষণ; * গ্রোথসেন্টার/হাটবাজার উন্নয়নে পরিকল্পনা প্রণয়ণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ; * ইউনিয়ন, উপজেলা পরিষদকে কারিগরী সহায়তা প্রদান; * ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিবীক্ষণ; * বিভিন্ন মন্ত্রণালয়ের অবকাঠামো উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন ও পরিবীক্ষণ; * জনপ্রতিনিধি, উপকারভোগী, ঠিকাদার, চুক্তিবদ্ধ শ্রমিকদল সমূহের সংশ্লিষ্ট উন্নয়ন কর্মকান্ডের প্রশিক্ষণে সহযোগিতা;

❖ সেবা কার্যক্রম ঃ

ক্রমিক নং	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি	কার্য নিষ্পত্তির সর্বোচ্চ সময়	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ
১.	গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ	উপকারভোগী জনগন/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ	উপজেলার অন্তর্গত সকল উপজেলা ও ইউনিয়ন সড়কের বাস্তব অবস্থা, যানবাহন চলাচলের সংখ্যা এবং সড়কের সেতু/কালভার্ট এর অবস্থা পর্যবেক্ষণ করে ডাটাবেজ উপজেলা প্রকৌশলী জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণ করবে। জেলার নির্বাহী প্রকৌশলী প্রাথমিক স্কিমগুলি উপজেলা প্রকৌশলীর মাধ্যমে যাচাই বাছাই করে সম্ভাব্য প্রাক্কলন প্রণয়ন করবে এবং অনুমোদনের জন্য আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করবে, যা যাচাই বাছাই শেষে অনুমোদনের পর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী দরপত্র আহবান করে রক্ষণাবেক্ষণ নির্দেশিকার আলোকে রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করবে।	সর্বোচ্চ ৬ মাস	১। উপজেলা প্রকৌশলী ২। জেলার নির্বাহী প্রকৌশলী ৩। আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী

❖ ক্রয় কার্যক্রম ঃ

ক্রমিক নং	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি	কার্য নিষ্পত্তির সর্বোচ্চ সময়	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ
২.	বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement plan)	ঠিকাদার/সরবরাহকারী/পরামর্শক ইত্যাদি		প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করা হয়।	সংশ্লিষ্ট ক্রয়কারী (Procurement Entity)
৩.	বিজ্ঞাপন বা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ	ঠিকাদার/সরবরাহকারী/পরামর্শক আগ্রহী দরপত্রদাতা প্রতিষ্ঠান	পিপিআর-২০০৮ এর বিধি অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়ে থাকে।	পিপিআর-২০০৮ অনুযায়ী	-ঐ-
৪.	প্রাক-দরপত্র সভা আহবান	-ঐ-	দরপত্র দাতাগণের দরপত্র দলিল বা দরপত্র সংশ্লিষ্ট কোন প্রশ্ন বা ব্যাখ্যা প্রদানের লক্ষ্যে প্রাক-দরপত্র সভা আহবান করা হয়ে থাকে e-GP এর মাধ্যমে।	পিপিআর-২০০৮ অনুযায়ী	-ঐ-
৫.	দরপত্র সংক্রান্ত অভিযোগ দাখিল ও নিষ্পত্তিকরণ	-ঐ-	পিপিআর-২০০৮ এর বিধির আলোকে অভিযোগ গ্রহণ এবং নিষ্পত্তিকরণ করা হয়।	২ মাস	-ঐ-

❖ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প ঃ

ক্রমিক নং	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি	কার্য নিষ্পত্তির সর্বোচ্চ সময়	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ
৬।	কৃষি কাজে ভূ-উপরিস্থ ক্ষুদ্রাকার পানি সম্পদ ও টেকসই ব্যবস্থাপনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সামাধান	স্থানীয় স্বার্থ সংশ্লিষ্ট জনগন/ইউনিয়ন পরিষদ	গ্রামীন এলাকার অনুর্ধ ১০০০ হেক্টর বা ২৫০০ একর জমিতে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সংক্রান্ত যে কোন সমস্যা যেমন সেচ এলকা বৃদ্ধি, পানি সংরক্ষন, বন্যা ব্যবস্থাপনা ও জলাবদ্ধতা দুরীকরণের জন্য সংশ্লিষ্ট জনগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাধ্যমে অথবা সরাসরি এলজিইডি'র উপজেলা প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী/ প্রকল্প পরিচালক এর নিকট আবেদন করতে পারেন। আবেদনের ৬ মাসের মধ্যে প্রকল্পটি বাস্তবায়নযোগ্য কিনা সে ব্যাপারে অবহিত হবেন। বাস্তবায়নযোগ্য হলে দেড় থেকে দুই বছরের মধ্যে প্রকল্প সুফল পাবেন।	প্রকল্প চলাকালীন ২ বছরের মধ্যে	১। উপজেলা প্রকৌশলী ২। নির্বাহী প্রকৌশলী ৩। প্রকল্প পরিচালক ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প, এলজিইডি ভবন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৭।	উপ-প্রকল্পের স্থানীয় স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠন ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান।	স্থানীয় স্বার্থ সংশ্লিষ্ট জনগন/ইউনিয়ন পরিষদ	উক্ত প্রকল্প এলাকার জনগণ পানি সম্পদ ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠন সার্বিক সহায়তা পাবেন। পাবসস এর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সাংগঠনিক, দারিদ্র হ্রাসকরণ, আর্থিক লেনদেন হিসাব, কৃষি উন্নয়ন, গবাদিপশু ও হাসঁমুরগী পালন, মৎস্য চাষসহ অন্যান্য সামাজিক উন্নয়ন কাজে প্রশিক্ষণ সহায়তা পাবেন।	উপ-প্রকল্পের প্রশিক্ষন ক্যালেন্ডার অনুযায়ী	-ঐ-

❖ তথ্য প্রদান ঃ

ক্রমিক নং	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি	কার্য নিষ্পত্তির সর্বোচ্চ সময়	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ
৮।	তথ্য অধিকার আইনের আলোকে এলজিইডি'র কর্মকান্ড সম্পর্কে তথ্য প্রদান	আইনানুগভাবে যোগ্য আবেদনকারী	কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে তথ্য অধিকার আইনের আলোকে প্রকাশযোগ্য তথ্য প্রদান করা হয়ে থাকে।	আইন অনুযায়ী নির্ধারিত সময়সীমা	আপীল কর্তৃপক্ষের নাম ও পদবীঃ নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা। তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ও পদবী ঃ উপজেলা প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, লালমাই, কুমিল্লা।

❖ সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ঃ

সিটিজেন চার্টারের বর্ণিত সেবা নির্ধারিত সময়সীমার মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ভুক্তভোগী লিখিতভাবে সেবা প্রদান কর্তৃপক্ষের নিকট অভিযোগ করতে পারবেন। সেবা প্রদানের কর্তৃপক্ষ অভিযোগ পাওয়ার ১৫(পনের) দিনের মধ্যে অভিযোগকারীর অভিযোগ আমলে নিয়ে বিষয়টি নিষ্পত্তি করবেন। অভিযোগকারী সেবা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে সেবা প্রদানকারী কর্তপক্ষের নিয়ন্ত্রণকারী পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট আপীল আবেদন করতে পারবেন। আপীল কর্তৃপক্ষ আপীল পাওয়ার ১৫(পনের) দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করবেন এবং সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিত নির্দেশনা দিবেন।

উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
লালমাই, কুমিল্লা।

CamScanner